

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd


নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-৬১

তারিখ: ১৩ ফেব্রুয়ারি ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

গত ২৫ জানুয়ারি ২০২৩ তারিখ বুধবার বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত নির্বাচন কমিশন সচিবালয়ের নং ১৭.০০.০০০০.০৩৪.৩৪.০২৫.২২-৫২ প্রজ্ঞাপন মূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়।

প্রজ্ঞাপনে নির্ধারিত তারিখ মোতাবেক অদ্য ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ সোমবার রাষ্ট্রপতি নির্বাচনের নির্বাচনী কর্তা মাননীয় প্রধান নির্বাচন কমিশনার কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি পদের নির্বাচনে দাখিলকৃত মনোনয়নপত্র পরীক্ষা করা হয়। মনোনয়নপত্র পরীক্ষার পর রাষ্ট্রপতি পদে জনাব মোঃ সাহাবুদ্দিন এর মনোনয়নপত্র বৈধ ঘোষণা করা হয়। রাষ্ট্রপতি পদে জনাব মোঃ সাহাবুদ্দিন একমাত্র বৈধ প্রার্থী হওয়ায় রাষ্ট্রপতি নির্বাচনের নির্বাচনী কর্তা মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কাজী হাবিবুল আউয়াল রাষ্ট্রপতি নির্বাচন আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২৭নং আইন) এর ধারা ৭ মোতাবেক জনাব মোঃ সাহাবুদ্দিন, পিতা-মরহুম শরফুদ্দিন আনছারী, বাসা/ হোল্ডিং-৮৮/১, গ্রাম/রাস্তা: শিবরামপুর, পাবনা পৌরসভা, ডাকঘর-পাবনা পোস্ট কোড-৬৬০০, উপজেলা-পাবনা সদর, জেলা-পাবনা কে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত ঘোষণা করেন।



(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)

ও

যুগ্মসচিব (চলতি দায়িত্ব)

ফোন: ৫৫০০৭৫২০